৫

দৈনিক সংবাদ

তারিখ 30 MAY 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

# বরগুনায় প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও বিক্ষোভ মিছিল

বরগুনা, ২৯শে মে (নিজস্ব সংবাদদাতা)।- বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ২৫শে মে বরগুনা শহরে শিক্ষক সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। শিক্ষকরা মিছিল করে জেলা প্রশাসক কার্যালয়ে স্মারকলিপি প্রদান করেন।

দেশব্যাপী আন্দোলনের কর্মসূচীর অংশ হিসেবে বরগুনায় বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমাবেশ অনুষ্ঠিত হয় কোর্ট বিল্ডিং প্রাঙ্গণে। সভাপতিত্ব করেন সংস্থার সভাপতি মোঃ মোশাররফ হোসেন, বক্তব্য রাখেন মোঃ আঃ মোতালিব মাতুব্বর, মোঃ ফারুক হোসেন ও মহিউদ্দিন বাবুল।